গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
নৈতিকতা কমিটি

ই-মেইল: geologicalsurveybd@gmail.com; ওয়েব: www.gsb.gov.bd

| | |
|---|---|
| সভাপতি | ড. মহঃ শের আলী<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ৩০ জুন ২০২১, বুধবার |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকায় |
| স্থান | অনলাইন জুম অ্যাপসের মাধ্যমে |
| উপস্থিতি | সংযুক্তি |

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের সঙ্গে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

১.০। সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই জনাব আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) এ সভার পটভূমি উল্লেখ করে বলেন, সরকারের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের আওতায় আজকের এ অংশীজনের অংশগ্রহণে সভা। বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) তার সিটিজেন চার্টার মোতাবেক দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের ভূ-বিজ্ঞান বিষয়ক গবেষণা কাজে সরাসরি যেমন: সংগৃহীত প্রাথমিক তথ্য উপাত্ত, বিভিন্ন নমুনা এবং গবেষণাগারে কাজের মাধ্যমে সহায়তা করে থাকে। এ ধরনের সহায়তা অধিক ফলপ্রসূ করার লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন। ইতোমধ্যে এ জাতীয় সভা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগ এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় ও বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের সাথে সম্পন্ন হয়েছে।

২.০। মহাপরিচালক সভায় উপস্থিত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের শিক্ষকগণকে উন্মুক্ত আলোচনার জন্য অনুরোধ করেন। শুরুতেই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো: শরীফ হোসেন খান বলেন, জিএসবি বিভিন্ন সময় তথ্য-উপাত্ত প্রদান, গ্রন্থাগার ও ল্যাবরেটরী ব্যবহার ইত্যাদির মাধ্যমে তাদের বিভাগকে সহযোগিতা করেছে। জিএসবি'র কয়েকজন স্বনামধন্য মহাপরিচালক ইতোপূর্বে অত্র বিভাগে পার্ট টাইম শিক্ষকতা করেছে। আমাদের বহুসংখ্যক ছাত্র-ছাত্রী জিএসবি'তে ইন্টার্নশিপ করেছে। এছাড়া তিনি বলেন, বিশ্ববিদ্যালয়গুলোর বিভিন্ন সীমাবদ্ধতা রয়েছে, যার কারনে ভূ-পদার্থিক ও গভীর ড্রিলিং এর মত কার্যক্রম পরিচালনা করে নমুনা সংগ্রহ করা বিশ্ববিদ্যালয়ের পক্ষে সম্ভব নয়। অধ্যাপক ড. মো: সাখাওয়াত হোসেন বলেন, জিএসবি হতে সংগৃহীত নমুনা ব্যবহার করে গবেষণা কার্যক্রম পরিচালনা করলে, উক্ত গবেষণার অভিসন্ধর্ভ জিএসবি'তে প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। তিনি বিষয়টির প্রতি একমত পোষণ করেন। এছাড়া তিনি উল্লেখ করেন, ২০১৯ সালে জিএসবি ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের মধ্যে একটি সমঝোতা স্বারক এর ব্যাপারে আলোচনা হয়েছিল। সমঝোতা স্বারক এর বিষয়টিকে বেগবান করার জন্য এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হতে পারে।

৩.০। মহাপরিচালক বলেন, ইতোমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগ এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় ও বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের সাথে সভার সময় গবেষণার জন্য নমুনা সংগ্রহ, সমঝোতা স্বারক, ইন্টার্নশিপ ইত্যাদি বিষয়গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে এ ক্ষেত্রে কিছু সীমাবদ্ধতা রয়েছে, যেমন- অপ্রকাশিত প্রতিবেদন

ও নমুনা সরবরাহ, বহিরংগণে আবাসন, যাতায়াত ইত্যাদি। তবে তিনি উল্লেখ করেন, আলোচনার মাধ্যমে অগ্রসর হলে অনেক কিছু ফলপ্রসূ হওয়া সম্ভব। তিনি আরো উল্লেখ করেন যে, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ নিজস্ব খরচে জিএসবি পরিচালিত কর্মসূচীতে অংশগ্রহণের আগ্রহ প্রকাশ করেছে।

৪.০। জনাব নিজাম উদ্দিন আহমেদ, পরিচালক (ভূপদার্থ) বলেন যে, সরকারের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের আওতায় বিভিন্ন অংশীজনের সাথে সহযোগিতা ও সম্পর্ক উন্নয়নের জন্য আজকের এ সভা। তিনি বলেন, যদিও জিএসবি দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়গুলোকে তথ্য-উপাত্ত প্রদান ও গবেষণায় সহযোগিতা করে আসছে, তবে তিনিও কিছু সীমাবদ্ধতা, যেমন- অপ্রকাশিত প্রতিবেদন ও নমুনা সরবরাহ ইত্যাদি বিষয় উল্লেখ করেন। তবে তিনি উল্লেখ করেন, আলোচনার মাধ্যমে অগ্রসর হলে অনেক কিছু বাস্তবায়ন করা সম্ভব।

৫.০। মহাপরিচালকের অনুরোধের প্রেক্ষিতে অধ্যাপক ড. মো: শরীফ হোসেন খান বলেন, পূর্বে জিএসবি'র সহিত যৌথভাবে সম্পন্নকৃত গবেষণার প্রতিবেদন জিএসবি'তে প্রেরণ করা হয়েছে। তিনি উল্লেখ করেন, পূর্বে প্রাক্তন একজন মহাপরিচালক অত্র বিভাগ হতে পিএইচডি সম্পন্ন করেছেন। এছাড়া বর্তমানে আরো কয়েকজন কর্মকর্তা অত্র বিভাগে পিএইচডি গবেষণারত রয়েছেন। তিনি আরো বলেন, জিএসবি হতে তথ্য-উপাত্ত বিশেষ করে ভূ-পদার্থিক ও গভীর ড্রিলিং হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত আরো সহজে কিভাবে পাওয়া যেতে পারে সে বিষয়ে কাজ করার অনুরোধ করেন। তিনি আরো উল্লেখ করেন, ছাত্র-ছাত্রীদের বহিরংগন সংক্রান্ত খরচ তারা নিজেরাই বহন করবেন কিন্তু বহিরংগনে ছাত্র-ছাত্রীদের নিরাপত্তার জন্য জিএসবি হতে আবাসন সংক্রান্ত সহযোগিতা একান্ত প্রয়োজন। মহাপরিচালক বলেন, বহিরংগনে ছাত্র-ছাত্রীদের আবাসনের ব্যবস্থা করা জিএসবির জন্যও কঠিন। কারণ, বহিরংগণে জিএসবি'র কর্মকর্তাগণ আবাসন সংক্রান্ত বিষয়ে স্থানীয় প্রশাসনের উপর নির্ভর করে। তবে তিনি বলেন, বগুড়া ও এর আশেপাশের এলাকা হলে ছাত্র-ছাত্রীদের আবাসনের ব্যবস্থা করা সম্ভব। কারণ সেখানে জিএসবির ক্যাম্প অফিস আছে। তিনি আরো বলেন, চাহিদা অনুযায়ী সীমাবদ্ধতামুক্ত নমুনা যথাসম্ভব সরবরাহ করা এবং ছাত্র-ছাত্রী জিএসবি'তে ইন্টার্নশিপ করানোর বিষয়ে জিএসবি যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে।

৬.০। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৬.১) ছাত্র/ছাত্রীদের জিএসবি পরিচালিত বহিরংগনে অংশগ্রহণ ও জিএসব'তে ইন্টার্নশিপ এর ব্যাপারে পারস্পরিক আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নিতে হবে।

৬.২ ছাত্র/ছাত্রী ও গবেষকদের চাহিদা মোতাবেক নমুনা সরবরাহের ক্ষেত্রে জিএসবি দ্রুততম সময়ে প্রশাসনিক কর্মকান্ড সম্পন্ন এবং চাহিদা অনুযায়ী যথাসম্ভব সর্বাধিক নমুনা সরবরাহের জন্য সচেষ্ট হবে।

৬.৩। জিএসবি কর্তৃক সরবরাহকৃ নমুনা হতে প্রস্তুতকৃত গবেষণা প্রতিবেদনে জিএসবির যথাযথ স্বীকৃতি এবং প্রতিবেদনের কপি জিএসবিতে হস্তান্তর করতে হবে।

৬.৪ বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের যোগাযোগের জন্য জিএসবি'র শুদ্ধাচারের ফোকাল পয়েন্ট কর্মকর্তা দায়িত্বপ্রাপ্ত হবেন। তার সাথে যোগাযোগের তথ্যাদি জিএসবি'র ওয়েব সাইটে দেওয়া থাকবে।

৭. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষাণা করেন।

ড. মহঃ শের আলী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৮৯.১৯.১১ তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮

৩০ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ড. মো: শরীফ হোসেন খান, অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

২) ড. মো: সাখাওয়াত হোসেন, অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

৩) পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) পরিচালক (ভূতত্ত্ব) , উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর


৫) পরিচালক (ভূপদার্থ) , ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৭) পরিচালক (ড্রিলিং) , ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৮) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২ , অপারেশন ও সমন্বয় শাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৯) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



ড. মো: বজলার রশীদ

উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১